

ডঃ মোঃ মামুনুর রশীদ, মহাপরিচালক (অবঃ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

বিশিষ্ট উদ্যানতত্ত্ববিদ, স্বনামধন্য কৃষি বিজ্ঞানী এবং কন্দাল ফসল বিশেষজ্ঞ ডঃ মোঃ মামুনুর রশীদ ১৭ মে ১৯৯৮ হতে ২৬ মে ১৯৯৯ পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক ছিলেন। বারির মহাপরিচালকের দায়িত্বের পূর্বে ডঃ রশীদ ০৪ অক্টোবর ১৯৯৩ হতে ০৫ ডিসেম্বর ১৯৯৪ এবং ০৪ জুলাই ১৯৯৫ হতে ২৩ জানুয়ারী ১৯৯৬ মেয়াদে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর মহাপরিচালক হিসেবেও দায়িত্ব পালন করেন। অতঃপর, ৩০ মে ১৯৯৯ এ তিনি সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন।

ডঃ রশীদ ১৯৬৪ সালে অগাস্ট এ তৎকালীন কৃষি অধিদপ্তর-এ রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (কৃষি বিভাগ) হিসেবে যোগদান করেন। পরে তিনি ০২ রা অগাস্ট ১৯৬৫ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করেন। এরপর তিনি নিয়মিতভাবে ১৯৬৯ সালে সহকারী অধ্যাপক এবং ১৯৭৬ সালে সহযোগী অধ্যাপক পদে যথাসময়ে পদোন্নতি প্রাপ্ত হন। এর পর তিনি বিশ্ববিদ্যালয় হতে ০২ বছর এর লিয়েন নিয়ে ০১ লা জুন ১৯৭৮ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্যানতত্ত্ব বিভাগের প্রধান (মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা) হিসেবে যোগদান করেন। লিয়েন অতিবাহিত হবার পরে তিনি বিশ্ববিদ্যালয় এর চাকুরী হতে ইস্তফা দিয়ে অত্র প্রতিষ্ঠানে স্থায়ী হন।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে ডঃ রশীদ ১৯৯৬ সালের ২৪ শে জানুয়ারী বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (কৃষি মন্ত্রণালয়) হিসেবেও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ দায়িত্ব পালন করেন। তিনি ১৫ মার্চ ১৯৮৪ সালে অত্র প্রতিষ্ঠানে কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের পরিচালক পদে পদোন্নতি লাভ করেন। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক থাকাকালীন ১৯৮৪ সালের মার্চ হতে অক্টোবর ১৯৯৩ সাল পর্যন্ত প্রকল্প পরিচালক হিসাবে বারি'র কন্দাল ফসল গবেষণা কেন্দ্রে অত্যন্ত সফলভাবে দায়িত্ব পালন করেন। তিনি কৃষকের উপযোগী কন্দাল ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবন ও এগুলোর সম্প্রসারণে বিশেষ অবদান রেখেছেন।

ডঃ রশীদ দেশ-বিদেশে অনেক প্রতিষ্ঠানে পরামর্শক/বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন করেছেন। কর্মজীবনে তিনি Plant Breeding and Genetics Society of Bangladesh, Asian potato Association, Bangladesh Society of Horticultural Science, Bangladesh Botanical Society এর একজন গর্বিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

ডঃ রশীদ অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি ১৯৫৮ সালে সিলেট সরকারী কলেজ হতে এস.এস.সি তে প্রথম বিভাগে ও ১৯৬০ সালে নটরডেম কলেজ, ঢাকা হতে এইচ.এস.সি তে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। তিনি ১৯৬৩ সালে ঢাকা ইউনিভার্সিটি হতে বি. এজি. এবং ১৯৬৪ সালে কৃষি অনুষদ এর কৃষিতত্ত্ব বিষয়ে এম. এস. সি. ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ১৯৭০ সালে যুক্তরাষ্ট্রের টেকসাস ইউনিভার্সিটি হতে উদ্যানতত্ত্ব বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ডঃ রশীদ দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নাল ও ম্যাগাজিনে তাঁর ৭৭ টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত করেছেন। তিনি উদ্যানতত্ত্ব এবং কন্দাল ফসল গবেষণা ও চাষের বিষয়ে ০৮ টি পুস্তক রচনা করেন। এছাড়াও তিনি দৈনিক ও মাসিক পত্রিকায় নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করেছেন। ডঃ রশীদ আলু, মিষ্টি আলু, হলুদ, কচু ও বাধাকপি ফসলের উচ্চ ফলনশীল জাত উদ্ভাবনে বিশেষ অবদান রেখেছেন। তিনি কন্দাল ফসল গবেষণায় বাংলাদেশে বেশ সুপরিচিত ছিলেন।

ডঃ রশীদ বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে পাকিস্তান, থাইল্যান্ড, ভারত, নেপাল, অস্ট্রেলিয়া, ফিলিপিন সহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন। ব্যক্তিগত জীবনে ডঃ রশীদ রশীদ ০৩ (তিন) সন্তানের জনক। এ স্বনামস্ক্যাত কৃষি বিজ্ঞানী ১৯৪২ সালের ২৯ মে সিলেটের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন।